

মনোবিজ্ঞান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়

নিয়মিত এম এস ইন সাইকোলজি প্রোগ্রামে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদ অধীন মনোবিজ্ঞান বিভাগে এক বছর মেয়াদি নিয়মিত মাস্টার্স (এম এস) প্রোগ্রামে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির নীতিমালা নিম্নরূপ:

১। আবেদনকারীর যোগ্যতা

দেশি/বিদেশি যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) সম্পন্নকারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ (৪.০০ স্কেলে) এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। ডিভিশন/ক্লাস সিস্টেমের ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

২। ভর্তি প্রক্রিয়া

(ক) ভর্তি-পরীক্ষা কার্যক্রমের ব্যয় নির্বাহ করার জন্য শিক্ষার্থীর ভর্তির প্রাথমিক আবেদন ফরম মূল্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।

(খ) এই প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে ৭৫ নম্বরের লিখিত ও ২৫ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করে মেধা তালিকা অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে; এক্ষেত্রে ভর্তি-পরীক্ষায় ন্যূনতম ৪০% (লিখিত = ৩০ এবং মৌখিক = ১০) পাশ নম্বর হিসেবে বিবেচিত হবে।

বিষয় ভিত্তিক মানবণ্টন:

ক্র.নং	বিষয়	নম্বর
১.	Introduction to Psychology	২০
২.	Research Methodology	২০
৩.	Statistics	২০
৪.	Psychometrics	১৫

(গ) পরীক্ষা পদ্ধতি

ভর্তির জন্য লিখিত পরীক্ষা বহুনির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতির মাধ্যমে সম্পন্ন হবে। প্রতিটি প্রশ্নের জন্য ৩টি অপশন থাকবে। পরীক্ষার সময় ১ ঘণ্টা। লিখিত পরীক্ষায় যারা পাশ করবে শুধু তাদের মৌখিক পরীক্ষা নেয়া হবে।

24.7.2023

মোঃ কামাল উদ্দিন  
(পিএইচডি, ফিউস ইউনিভার্সিটি, জাপান)  
অধ্যাপক ও চেয়ারম্যান  
মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(ঘ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে ভর্তির গুরুত্বপূর্ণ তারিখসমূহ:

ক্র.নং	বিষয়	তারিখ
১.	ভর্তির আবেদন	September 15 - Oct 15, 2023
২.	ভর্তির জন্য লিখিত পরীক্ষা	November 1, 2023
৩.	মৌখিক পরীক্ষা	November 5, 2023
৪.	ফলাফল প্রকাশ	November 7, 2023
৫.	উন্নয়ন ফি জমা দেয়ার তারিখ	November 7-15, 2023
৬.	ক্লাশ শুরু	January 1, 2024
৭.	ভর্তি প্রক্রিয়া সম্পন্নের তারিখ	January 31, 2024

(ঙ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বহিরাগত সর্বোচ্চ ২০ (বিশ) জন শিক্ষার্থী ভর্তি করা হবে।

### ৩। হল সংশ্লিষ্টতা

- (ক) এই প্রোগ্রামে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের যে কোনো আবাসিক হলের সঙ্গে সংযুক্ত হতে হবে এবং হলের অনাবাসিক শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।
- (খ) বিদেশি শিক্ষার্থীদের (বিদেশি পাসপোর্ট ও বিদেশি ডিগ্রিধারী) আবাসিক সুবিধা প্রদানের শর্ত শিথিল করা যেতে পারে।

### ৪। শিক্ষা কার্যক্রম

শিক্ষার্থী ভর্তি, শ্রেণীতে পাঠদান কার্যক্রম, পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন, টেলিফোন, ফলাফল প্রকাশ ও সার্টিফিকেট প্রদান বিশ্ববিদ্যালয়ের বিধি-প্রবিধি/নীতিমালার আলোকে কার্যকর করা হবে।

### ৫। সংরক্ষণ ও সংশোধন

এই নীতিমালায় কোন সংশোধন/সংযোজন/পরিমার্জন প্রয়োজন হলে তা এই বিভাগ কর্তৃক সংশোধিত/সংযোজিত/পরিমার্জিত হয়ে অতঃপর একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদন করা হবে।

বি: দ্র: ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ

মোহাম্মদ সফিকুল ইসলাম

ফোন নম্বর: ০১৭১৬০৬১৩৯২

টেকনিক্যাল অফিসার

মনোবিজ্ঞান বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়

24.7.2023

মোঃ কামাল উদ্দিন

(পিএইচডি, কিউস ইউনিভার্সিটি, জাপান)

অধ্যাপক ও চেয়ারম্যান

মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়